

ঢ়গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
২৩টি জেলায় পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন প্রকল্প
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।

নম্বর -৫৭.০৩.০০০০.০৪৪.১৫.০০৪.১৯-

তারিখ:

১ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ
১৫ মে ২০১৯ খ্রিষ্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন “২৩টি জেলায় পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন” প্রকল্পের জন্য সরকার নির্ধারিত উন্নয়ন প্রকল্পে জনবল নিয়োগ বিধিমালা অনুসরণে প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত পদে আবেদন আহ্বান করা যাচ্ছেঃ

ক্র. নং	পদের নাম ও বেতন (সাকুল্যে) জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী	পদ সংখ্যা	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	হিসাব রক্ষক (গ্রেড-১৪) (সর্বসাকুল্যে টাকা ১৮,৩০০/=)	১টি	১২/০৫/২০১৯ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে।	১। কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে কমপক্ষে দ্বিতীয় বিভাগে স্নাতক। ২। সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের বাস্তব অভিজ্ঞতা।
২	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৬) (সর্বসাকুল্যে টাকা ১৭,০৪৫/=)	১টি	১২/০৫/২০১৯ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে।	এইচএসসি/সমমানের ডিগ্রিসহ কোন সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার অপারেশনের ওপর প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে।

আবেদনের নিয়মাবলীঃ

- আবেদনকারীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত ছকে সাদা কাগজে আবেদন করতে হবে। আবেদনপত্রে নিম্নবর্ণিত তথ্যাদি অবশ্যই উল্লেখ করতে হবে- ক) প্রার্থীর নাম (স্পষ্ট অক্ষরে) খ) পিতা/স্বামীর নাম গ) মাতার নাম ঘ) স্থায়ী ঠিকানা ঙ) বর্তমান ঠিকানা চ) শিক্ষাগত যোগ্যতা ছ) জন্ম তারিখ জ) জাতীয়তা ঝ) ধর্ম ঞ) বৈবাহিক অবস্থা চ) অভিজ্ঞতা ইত্যাদি। আবেদন ফরম এর নমুনা জনপ্রশাসন মন্ত্রণালয় এর ওয়েবসাইটে (<http://www.mopa.gov.bd/uploads/2017/archive/forms/admin1-2014-01.PDF>) পাওয়া যাবে অথবা বাংলাদেশ ফরম এর ওয়েবসাইট (<http://www.forms.gov.bd/>) থেকে ডাউনলোড করা যাবে।
- আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ
 - সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ছায়ািলিপি।
 - প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ছবি।
 - প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
 - স্ব-স্ব এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত ছায়ািলিপি।
 - মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরী প্রার্থীকে চাকুরীর আবেদন পত্রের সাথে বৈধ মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত ছায়ািলিপি সংযুক্ত করতে হবে।
 - জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি (যদি থাকে)।
 - এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সমাজ সেবা অধিদপ্তরের নিবন্ধীকরণ সনদের সত্যায়িত ছায়ািলিপি।
 - আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর কোটার /ক্ষুদ্র-নৃগোষ্ঠী কোটার প্রার্থীদের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রদত্ত সনদের সত্যায়িত ছায়ািলিপি।
 - খামের উপরে পদের নাম এবং আবেদনকারীর নিজ জেলার নামসহ পূর্ণ ঠিকানা স্পষ্ট অক্ষরে লেখা এবং ১০ (দশ) টাকার ডাকটিকেট সংযুক্ত ১০ ইঞ্চি X ৪.৫ ইঞ্চি সাইজের অব্যবহৃত খাম।
- চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- সরকারী নিয়ম অনুযায়ী চাকুরীর কোটা সংক্রান্ত নীতিমালা অনুসরণ করা হবে।
- বর্ণিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা কোড নম্বর ‘১-৩৭৩৩-০০০০-২০৩১’ তে বাংলাদেশ ব্যাংক/ বাংলাদেশ ব্যাংক অনুমোদিত সোনালী ব্যাংকের শাখায় ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিতে হবে। চালানের মূলকপি আবেদন পত্রের সাথে যুক্ত করতে হবে।
- প্রাপ্ত আবেদন যাচাই বাছাইয়ের পর শুধু উপযুক্ত প্রার্থীদেরকে লিখিত পরীক্ষার জন্য ডাকা হবে।
- অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত আবেদন এবং আবেদনপত্রের গায়ে কোন প্রকার সুপারিশ থাকলে আবেদনপত্রটি সরাসরি বাতিল বলে গণ্য করা হবে।
- আবেদনপত্র আগামী ২৬-০৫-২০১৯ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে প্রকল্প পরিচালক, “২৩টি জেলায় পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন” প্রকল্প, কারিগরি শিক্ষা অধিদপ্তর (চতুর্থ তলা), এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭ বরাবর ডাকযোগে/সরাসরি পৌছাতে হবে। উক্ত তারিখের পরে প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানদের ক্ষেত্রে ১২/০৫/২০১৯ তারিখে বয়স সীমা অনূর্ধ্ব ৩২ বৎসর।
- লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।
- লিখিত বা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন ভ্রমণ ভাতা বা দৈনিক ভাতা প্রদান করা হবে না।
- ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- উপরে উল্লেখ করা হয়নি এরূপ ক্ষেত্রে সরকারের বিধানাবলী প্রযোজ্য হবে।
- উপরোক্ত শর্তাবলীর যে কোন অংশ সংশোধন/সংযোজনসহ যে কোন আবেদনপত্র গ্রহণ/বাতিলের পূর্ণ অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

